

## মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নামারঃ ৪৬৩ [আন্তর্জাতিক নামারঃ ৮২৮]

১০. কিতাবুল আযান (কتاب الأذان)

পরিচ্ছেদঃ তাশাহুদে বসার তরীকা

بَابُ سُنَّةِ الْجُلُوسِ فِي التَّشَهُدِ

আরবী

..... عَنْ أَبِي حُمَيْدٍ السَّاعِدِيِّ قَالَ: أَنَا كُنْتُ أَحْفَظَكُمْ لِصَلَاتِ رَسُولِ اللَّهِ، رَأَيْتُهُ إِذَا كَبَرَ جَعَلَ يَدِيهِ حِذَاءَ مَنْكِبَيْهِ، وَإِذَا رَكَعَ أَمْكَنَ يَدِيهِ مِنْ رُكْبَتِيهِ، ثُمَّ هَصَرَ ظَهْرَهُ، فَإِذَا رَفَعَ رَأْسَهُ أَسْتَوَى حَتَّى يَعُودَ كُلُّ فَقَارٍ مَكَانَهُ، فَإِذَا سَجَدَ وَضَعَ يَدِيهِ غَيْرَ مُفْتَرِشٍ وَلَا قَابِضِهِمَا، وَاسْتَقْبَلَ بِأَطْرَافِ أَصَابِعِ رِجْلَيْهِ الْقِبْلَةَ، فَإِذَا جَلَسَ فِي الرَّكْعَتَيْنِ جَلَسَ عَلَى رِجْلِهِ الْيُسْرَى وَنَصَبَ الْيُمْنَى، وَإِذَا جَلَسَ فِي الرَّكْعَةِ الْآخِرَةِ قَدَّمَ رِجْلَهُ الْيُسْرَى، وَنَصَبَ الْآخِرَى وَقَعَدَ عَلَى مَقْعِدِهِ. (بخارى: ৪৬৩)

বাংলা

৪৬৩) আবু হামীদ সায়েদী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নামায আদায়ের পদ্ধতি তোমাদের সকলের চেয়ে অধিক স্মরণ রাখতে সক্ষম হয়েছি। একদা আমি তাঁকে দেখলাম, তিনি যখন তাকবীর বললেন তখন উভয় কাঁধ বরাবর দু'হাত উত্তোলন করলেন এবং যখন রুকুতে গেলেন তখন দু'হাত হাঁটুতে শুভভাবে স্থাপন করলেন। অতঃপর তিনি কোমর বাঁকা করে পিঠকে লম্বাভাবে ঝুঁকিয়ে দিলেন (পিঠকে ধনুকের মত বাঁকা করে রাখেন নি এবং সোজা করেও রাখেন নি)। যখন তিনি রুকু হতে মাথা উঠালেন তখন সোজা হয়ে এমনভাবে দাঁড়ালেন যে, মেরুদণ্ডের প্রত্যেকটি হাত্তি স্ব-স্ব স্থানে ফেরত গেল। সিজদায় গিয়ে তিনি উভয় হাতকে মাটিতে রাখলেন তখন মাটিতে হাত বিছিয়ে দেন নি এবং গুঁটিয়েও রাখেন নি। (উভয় বাহুকে পাঁজরের সাথে মিলিয়ে রাখেন নি এবং কুকুরের ন্যায় বিছিয়েও রাখেন নি) উভয় পায়ের আঙুলের অগভাগসমূহ কিবলার দিকে রাখলেন। দু'রাকআত পড়ে যখন তিনি বসলেন তখন ডান পা খাড়া করে রেখে বাম পায়ের উপর বসলেন। শেষ রাকআতে বসার সময় তিনি বাম পা ডান দিকে বাড়িয়ে দিলেন এবং ডান পা খাড়া রেখে নিতম্বের উপর বসলেন।

টিকাঃ হাদীছ থেকে জানা গেল যে, দুই বৈঠক বিশিষ্ট নামাযের শেষ বৈঠকে তাওয়ারুক করা (নিতম্বের উপর বসা) সুন্নাত। যার সুস্পষ্ট বর্ণনা নাসাইর বিশুদ্ধ হাদীছে এসেছে।

## English

The Prophet's Sunna (legal way) for the sitting in the Tashah-hud [in the Salat (prayer)].

Abu Humaid As-Sa`idi said, "I remember the prayer of Allah's Messenger (ﷺ) better than any one of you. I saw him raising both his hands up to the level of the shoulders on saying the Takbir; and on bowing he placed his hands on both knees and bent his back straight, then he stood up straight from bowing till all the vertebrate took their normal positions. In prostrations, he placed both his hands on the ground with the forearms away from the ground and away from his body, and his toes were facing the Qibla. On sitting In the second rak`a he sat on his left foot and propped up the right one; and in the last rak`a he pushed his left foot forward and kept the other foot propped up and sat over the buttocks."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরাক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবু হুমায়দ সাঁস্কুদ (রাঃ)

⌚ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89761>

⌚ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন